Ref: SEC/SE/43/2026-27 **Date: 13th August, 2026**

| The Manager- Listing | The Manager – Listing |
|---|---|
| **The National Stock Exchange of India Limited**<br>"Exchange Plaza", Bandra – Kurla Complex,<br>Bandra (EAST), Mumbai – 400051 | **BSE Limited**<br>Corporate Relationship Department<br>Phiroze Jeejeebhoy Towers,<br>Dalal Street, Mumbai - 400001 |
| **NSE SYMBOL: SENCO** | **BSE SCRIP CODE: 543936** |

Dear Sir(s)/ Madam(s),

**Sub: Intimation under Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015**

Pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith the extract of newspaper publication dated 13th August, 2026 with respect to the Unaudited Standalone and Consolidated Financial Results of the Company for the quarter ended 30th June 2026 as published in the following newspapers:

1. Business Standard (English) - All Editions

2. Dainik Statesman (Bengali Daily)

The aforesaid results have been approved by the Board of Directors at their Meeting held on 11th August, 2026 and is also available on the website of the Company

We request you to take the above on record.

Yours sincerely,

**For SENCO GOLD LIMITED**

Mukund Chandak
Digitally signed by Mukund Chandak
Date: 2026.08.13 16:25:12 +05'30'

**Mukund Chandak**
Company Secretary & Compliance Officer
Membership No. A20051

**Encl: As above**



India's 2nd Most Trusted Jewellery Brand 2024 by TRA report
Power of Trust 2024
Great Place To Work. Certified JAN 2024-JAN 2025 INDIA

aditya — building the future
CP PLUS Intelligent Security Systems

## ADITYA INFOTECH LIMITED




**Registered Office:** F-28, Okhla Industrial Area, Phase -1, New Delhi–110020, Delhi, India
**Corporate Office:** A-12, Sector 4, Noida–201301, Uttar Pradesh, India
**Telephone:** +91 120 4555 666, **Corporate Identity Number:** L74899DL1995PLC066784, **Website:** www.adityagroup.com

### STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS (STANDALONE & CONSOLIDATED) FOR THE QUARTER ENDED JUNE 30, 2026

The Board of Directors of the Company, at their meeting held on August 12, 2026, approved the Unaudited Financial Results (Standalone & Consolidated) of the Company for the Quarter ended June 30, 2026 (**"Financial Results"**).

The Unaudited Financial Results along with the Limited Review Report, have been hosted on the Company's website – **www.adityagroup.com**, and on the websites of the Stock Exchanges – BSE Limited and National Stock Exchange of India Limited at **www.bseindia.com** and **www.nseindia.com**, respectively. The same can be accessed by scanning the QR Code.

**Note:** The above intimation is in accordance with Regulation 47(1), read with Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.

For and on behalf of the Board
**Aditya Infotech Limited**
Sd/-
**Aditya Khemka**
Managing Director
DIN: 00514552

**Place:** Noida
**Date:** August 12, 2026

---

mallcom

**MALLCOM (INDIA) LTD**
CIN: L51109WB1983PLC037008
Regd. Office: Mallcom Tower, EN-12, Sector-V, Salt Lake City, Kolkata-700 091
Phone: +91 33 4016 1000 / Website: www.mallcom.in/ Email: investors@mallcom.in

**Notice of Special Window for Transfer and Dematerialisation of Physical Securities**

Pursuant to SEBI Circular No. HO/38/13/11(2)2026-MIRSD-POD/ I/3750/2026 dated January 30, 2026, shareholders are hereby informed that a Special Window will remain open up to February 04, 2027, for the transfer and dematerialisation ("demat") of physical securities sold or purchased prior to April 1, 2019, including requests that were previously rejected, returned, or not processed. For further details, investors may refer to the SEBI Circular available at https://tinyurl.com/449cbkam. Please note that only requests submitted with the Original Security Certificate(s), the Transfer Deed executed prior to April 1, 2019, and all other requisite documents will be eligible for consideration under the Special Window.

Shareholders who wish to use this Special Window may contact the Company's RTA, Niche Technologies Pvt. Ltd., at 3A, Auckland Place, 7th Floor, Room Nos. 7A & 7B, Kolkata – 700017. For assistance, shareholders may also reach the RTA by email at nichetechpl@nichetechpl.com or by phone at (033) 2280 6616 / 17 / 18.

**For Mallcom (India) Ltd.**
**Sd/-**
**Gaurav Raj**
**Company Secretary & Compliance Officer**

Place: Kolkata
Date: 11/08/2026

---

पंजाब नैशनल बैंक ...भरोसे का प्रतीक! punjab national bank ...the name you can BANK upon!

**PUBLIC NOTICE**

This notice is for those Account holders, whose accounts have NIL balance since last three years and there is no customer induced transaction in the account for more than last three years. The account holders of such inoperative accounts are hereby requested to get their accounts activated by submitting their KYC documents in nearest PNB Branch. If such inoperative accounts are not activated within one month from the date of publication of this notice, then such inoperative accounts will be closed after one month from the date of publication of this notice without any further notice.

For any information/queries/assistance you are requested to contact nearest PNB Branch.

**For Punjab National Bank**
Date: 13.08.2026 **Authorized Signatory**

---

**Market wisdom, straight from the sharpest minds in the game.**

Cut through the noise every day with expert columns that decode trends before they unfold, only in Business Standard.

To book your copy, SMS **reachbs** to **57575** or email **order@bsmail.in**



Business Standard
Insight Out

---

## The Indian Hume Pipe Co. Ltd.

**Reg. Office:** Construction House, 5, Walchand Hirachand Road, Ballard Estate, Mumbai - 400 001. INDIA • Tel.: +91-22-4074 8181 • info@indianhumepipe.com
www.indianhumepipe.com • CIN: L51500MH1926PLC001255

100 YEAR ANNIVERSARY

### EXTRACT OF THE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2026

(INR in Lakhs)

| Sr. No. | Particulars | Unaudited Quarter ended June 30, 2026 | Audited Year ended March 31, 2026 | Unaudited Quarter ended June 30, 2025 |
|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 31977.78 | 135038.93 | 31930.17 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary Items) | 3155.27 | 12334.69 | 2907.43 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary Items) | 3155.27 | 18768.04 | 2907.43 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items) | 2356.95 | 14111.06 | 2191.98 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 2356.02 | 13824.79 | 2178.85 |
| 6 | Equity Share Capital (face value of INR 2/- each) | 1053.64 | 1053.64 | 1053.64 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) | | 147382.34 | |
| 8 | Earnings Per Share (of INR 2/- each) (*Not Annualised) | | | |
| | a) Basic : (INR) | 4.47* | 26.79 | 4.16* |
| | b) Diluted : (INR) | 4.47* | 26.79 | 4.16* |

**Notes:**

1. The above is an extract of the detailed format of the unaudited financial results for the quarter ended June 30, 2026, filed with BSE and NSE, under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the unaudited financial results for the quarter ended June 30, 2026 is available on the websites of the Stock Exchanges (www.bseindia.com and www.nseindia.com) and on the Company's website (www.indianhumepipe.com). The results can be accessed by scanning the QR Code provided below.
2. The above results were reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their meetings held on August 12, 2026.

**For The Indian Hume Pipe Co. Ltd.**
**Mayur R. Doshi**
**Vice Chairman & Jt. Managing Director**
**DIN : 00250358**

**Place : Mumbai**
**Date : August 12, 2026**

---

## Himatsingka

### EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS (CONSOLIDATED AND STANDALONE) FOR THE QUARTER ENDED JUNE 30, 2026

1. Key Consolidated financial information of the Company is given below

(₹ in Lacs)

| Particulars | Quarter ended on 30.06.2026 | Quarter ended on 31.03.2026 | Quarter ended on 30.06.2025 | Financial Year Ended on 31.03.2026 |
|---|---|---|---|---|
| | Unaudited | Audited | Unaudited | Audited |
| Revenue from operations | 62,130.27 | 61,721.59 | 65,693.55 | 2,51,509.31 |
| Net profit/ (loss) for the period before tax | 814.63 | 3,234.34 | 1,432.41 | 12,187.79 |
| Net profit for the period after tax before share of associates | 485.42 | 172.64 | 1,068.66 | 6,223.52 |
| Net profit/ (loss) for the period after tax | 498.73 | 141.23 | 1,089.68 | 6,196.19 |
| Total comprehensive income/ (loss) for the period [Comprising profit/ (loss) for the period (after tax)] | 1,926.03 | 2,377.88 | 1,783.77 | 11,316.37 |
| Paid-up equity share capital [Face value Rs. 5 per share] | 6,287.11 | 6,287.11 | 6,287.11 | 6,287.11 |
| Reserves excluding revaluation reserves | | | | 2,07,786.48 |
| Earnings/ (loss) per share (not annualised except year ended 31.03.2026 ) - in Rupees | | | | |
| a) Basic | 0.40 | 0.11 | 0.87 | 4.93 |
| b) Diluted | 0.40 | 0.11 | 0.87 | 4.93 |

2. Key Standalone financial information of the Company is given below :

(₹ in Lacs)

| Particulars | Quarter ended on 30.06.2026 | Quarter ended on 31.03.2026 | Quarter ended on 30.06.2025 | Financial Year Ended on 31.03.2026 |
|---|---|---|---|---|
| | Unaudited | Audited | Unaudited | Audited |
| 1A. Revenue from Operations | 46,011.85 | 42,723.01 | 50,384.12 | 1,88,239.76 |
| 1B. Profit/ (loss) before tax | 841.53 | 3,861.66 | 884.37 | 11,873.08 |
| 1C. Profit/ (loss) after tax | 518.08 | 801.06 | 575.44 | 6,013.08 |
| 1D. Total comprehensive income/ (loss) | 2,186.00 | (886.09) | 835.41 | 2,962.72 |

**Notes :**

1. The above is an extract of the detailed format of unaudited financial results for the quarter ended June 30, 2026 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The complete unaudited financial results for the quarter ended June 30, 2026 are available on the website of the Stock Exchanges- **www.nseindia.com** and **www.bseindia.com** as well as on the Company's website - **www.himatsingka.com** and can also be accessed by scanning the QR code.

For and on Behalf of the Board of Directors of
**Himatsingka Seide Limited**

**Place : Bengaluru**
Date : August 12, 2026

**Dinesh Kumar Himatsingka**
*Executive Chairman*
*DIN: 00139516*

**Shrikant Himatsingka**
*Executive Vice Chairman & Managing Director*
*DIN: 00122103*

**Himatsingka Seide Limited**
Registered Office : No. 4/1-2, Crescent Road, Bengaluru - 560 001, Karnataka, India
Corporate Office : 10/24, Kumara Krupa Road, High Grounds, Bangalore - 560 001, Karnataka, India
**T :** +91-80-22378000, **E** hslblr@himatsingka.com **www.himatsingka.com**
**CIN : L17112KA1985PLC006647**

INSPIRED EXCELLENCE

---




## SENCO GOLD LIMITED

Registered and Corporate Office: "Diamond Prestige", 10th Floor, 41A, AJC Bose Road, Kolkata-700017
CIN: L36911WB1994PLC064637
E-mail: ir@sencogold.co.in | Website: www.sencogoldanddiamonds.com | www.sencogold.com | (T): +91 33 4021 5000

### EXTRACT OF FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE 2026

(₹ in millions, unless otherwise stated)

| Sl. No. | Particulars | Standalone | | | | Consolidated | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Three months ended | | | Year ended | Three months ended | | | Year ended |
| | | 30 Jun 2026 | 31 Mar 2026 | 30 Jun 2025 | 31 Mar 2026 | 30 Jun 2026 | 31 Mar 2026 | 30 Jun 2025 | 31 Mar 2026 |
| | | (Unaudited) | (Refer Note 4) | (Unaudited) | (Audited) | (Unaudited) | (Refer Note 4) | (Unaudited) | (Audited) |
| 1 | Total income from operations (including other income) | 30,219.43 | 19,758.13 | 18,421.94 | 84,510.68 | 30,712.84 | 20,100.19 | 18,449.21 | 85,099.13 |
| 2 | Net profit/(loss) for the period (before tax and exceptional items) | 1,530.10 | 2,089.71 | 1,400.69 | 7,699.21 | 1,389.40 | 2,084.65 | 1,405.83 | 7,627.37 |
| 3 | Net profit/(loss) for the period after tax | 1,142.49 | 1,578.34 | 1,035.22 | 5,809.79 | 1,011.43 | 1,568.79 | 1,046.53 | 5,743.19 |
| 4 | Total comprehensive income for the period (after tax) | 1,145.12 | 1,580.10 | 1,036.09 | 5,817.88 | 1,008.72 | 1,539.62 | 1,046.95 | 5,699.74 |
| 5 | Paid-up equity share capital (Face value of ₹ 5/- each) | 819.19 | 819.03 | 818.40 | 819.03 | 819.19 | 819.03 | 818.40 | 819.03 |
| 6 | Other equity | | | | 24,571.89 | | | | 24,317.81 |
| 7 | Earnings per equity share (EPS) (face value of ₹ 5 each) (in ₹) (* not annualised) | | | | | | | | |
| | Basic | 6.97 * | 9.62 * | 6.32 * | 35.49 * | 6.17 * | 9.58 * | 6.39 * | 35.08 * |
| | Diluted | 6.97 * | 9.61 * | 6.31 * | 35.46 * | 6.17 * | 9.58 * | 6.38 * | 35.06 * |

Note:

1 The above is an extract of the detailed format of the consolidated and standalone financial results ("results") filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the financial results are available on the National Stock Exchange of India Limited website (URL: www.nseindia.com), the BSE Limited website (URL: www.bseindia.com), and on the Company's website.

2 The unaudited consolidated financial results of Senco Gold Limited (the 'Holding Company' or the 'Parent') and its three wholly owned subsidiaries (the Holding Company and its subsidiaries together referred to as the 'Group') for the quarter ended 30 June 2026 have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meetings held on 11 August 2026 and a limited review of the same has been conducted by the Statutory Auditors of the Holding Company.

3 These unaudited consolidated financial results have been prepared in accordance with the recognition and measurement principles laid down in Indian Accounting Standard 34, Interim Financial Reporting ('Ind AS 34') prescribed under section 133 of the Companies Act, 2013, other accounting principles generally accepted in India and is in compliance with the presentation and disclosure requirements of Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (as amended).

4 The figures for the quarter ended 31 March 2026 represents the balancing figures between the audited figures in respect of the full financial year and the published unaudited year to date figures upto the third quarter of the financial year.

5 The chief operating decision maker (CODM) has identified 'jewellery business' as a single business operating segment per management approach enumerated in Ind AS 108, 'Operating Segments'. Accordingly, no other disclosures are required to be furnished per the aforementioned standard.

6 The Holding Company has allotted 31,977 equity shares of ₹ 5.00 each during the quarter ended 30 June 2026 (88,340 and 125,640 equity shares of ₹ 5.00 each during the quarter and year ended 31 March 2026 respectively) to its eligible employees pursuant to the "Senco Gold Limited Employees Stock Option Scheme - 2018", as amended from time to time.

7 Figures for the previous period/ year have been regrouped/ reclassified wherever necessary to conform to current period's classification. The impact of such reclassification/ regrouping is not material to these financial results.

For and on behalf of Board of Directors
Senco Gold Limited
s/d
Suvankar Sen
Managing Director & CEO
DIN:01178803

Place: Kolkata
Date: 11th Aug 2026

TRA'S BRAND TRUST REPORT 2025 Power of Trust | Great Place To Work. Certified | TRA'S MOST DESIRED BRANDS 2024 Power of Desire | Like & Follow us at | Franchisee Enquiry: 9874453366 Corporate Order Enquiry: corporatesales@sencogold.co.in | 207 STORES | Scan here to visit your nearest Senco Showroom!

# আরজি করের মতো ঘটনা রুখতে চাই আধ্যাত্মিক জাগরণ

## আদ্যাপীঠে বার্তা মুখ্যমন্ত্রীর



**নিজস্ব প্রতিনিধি**— আদ্যাপীঠ মন্দির পরিদর্শন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বুধবার মন্দিরে পৌঁছলে মুখ্যমন্ত্রীকে প্রসাদী মালা পরিয়ে উষ্ণ অভ্যর্থনা জানান আদ্যাপীঠের অধ্যক্ষ ব্রহ্মচারী মুরাল ভাই। সেখানে শুভেন্দু অধিকারী বিশ্বশান্তি কামনায় বিশেষ পুজো এবং আরতি করেন। তারপর মন্দির প্রাঙ্গণের গোশালা ঘুরে দেখেন। তারপর সেখানে দাঁড়িয়েই মুখ্যমন্ত্রী জানান, মনের 'পাপ' দূর করতে মানুষকে গীতা পড়ানো উচিত। গীতাপাঠে আধ্যাত্মিক জাগরণ সম্ভব। আরজি কর কাণ্ডের মতো ঘটনা থেকে বিরত করতে মানুষকে গীতা পড়াতে হবে বলে আদ্যাপীঠের মন্দিরে দাঁড়িয়ে বার্তা দিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

এদিকে এখানে মুখ্যমন্ত্রী আদ্যাপীঠ পরিচালিত অনাথ আশ্রম এবং নানা শিক্ষা প্রতিষ্ঠানের কাজকর্ম ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আশ্রম কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেন। এমনকী শুভেন্দু অধিকারী ভক্তদের সুবিধার্থে একটি নতুন অ্যাম্বুলেন্স পরিষেবা এবং আদ্যাপীঠের নবনির্মিত মূল ফটক আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রীকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন আশ্রমের আবাসিক ও পড়ুয়ারা। তাদের সঙ্গেও হালকা কথাবার্তা বলেছেন মুখ্যমন্ত্রী।

আদ্যাপীঠের গোশালাতে পৌঁছে শুভেন্দু অধিকারী গোমাতার সেবা করেন। তারপর মন্দিরে গিয়ে আদ্যা মায়ের পুজোও দেন এবং আরতিও করেন।

অন্যদিকে মন্দিরে পুজো দেওয়ার পর রাজ্যের মুখ্যমন্ত্রী জানান, কলকাতা শুধু সাংস্কৃতিক কেন্দ্র নয়, এটি একটি বড় আধ্যাত্মিক রাজধানীও বটে। তাঁর সরকার রাজ্যে আধ্যাত্মিক জাগরণ সুনিশ্চিত করতে সনাতন প্রতিষ্ঠানগুলির পাশে থাকবে। এখানেই মুখ্যমন্ত্রী বার্তা দেন, 'কলকাতা সাংস্কৃতিক পীঠস্থানের সঙ্গেই আধ্যাত্মিক রাজধানীও। এই সরকার আধ্যাত্মিক জাগরণকে সম্পূর্ণ করতে সাহায্য করবে। মানুষকে গেরুয়া রঙের মাহাত্ম্য বোঝাতে হবে।

প্রত্যেকটা সনাতন প্রতিষ্ঠানের সেবার মানসিকতা রয়েছে। আরজি করের মতো মর্মান্তিক ও নিন্দনীয় ঘটনা প্রতিরোধে সমাজের নৈতিক ও আধ্যাত্মিক জাগরণ অত্যন্ত জরুরি।'

তাছাড়া আরজি করের নির্যাতিতাকে স্মরণ করে শুভেন্দু অধিকারী জানান, নিহত চিকিৎসকের মায়ের লিখিত আবেদনের ভিত্তিতে ১৯৫২ সালের 'স্পেশাল কমিশন অ্যাক্ট' বা বিশেষ কমিশন আইনের আওতায় সমগ্র কাণ্ডের পুনর্তদন্তের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। পাশাপাশি নির্যাতিতার শবদাহ প্রক্রিয়ায় চরম অনিয়ম এবং আইনি গাফিলতির অভিযোগে রাজ্য পুলিশের এক্তিয়ারভুক্ত এলাকায় পৃথক মামলা দায়ের করে জড়িতদের অবিলম্বে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। এখানেই মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, 'অযোধ্যার রাম মন্দিরের জন্য তিন লক্ষ মানুষ আত্মবলিদান দিয়েছেন। হিন্দুদের টাকায় তৈরি হয়েছে ওই মন্দির। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মা-গঙ্গার সঙ্গে জুড়েছে কাশী বিশ্বনাথ মন্দিরকে। আরজি কর কাণ্ডের মতো পাপকাজ থেকে বিরত রাখতে মানুষকে গীতা পড়ানোর দরকার। গেরুয়া রং কোনও রাজনৈতিক রং নয়, এই রং কৃচ্ছ সাধনের।'

# দু'দিনের বঙ্গ সফরে আসছেন অমিত শাহ



**নিজস্ব প্রতিনিধি**— পশ্চিমবঙ্গে বিজেপি সরকারের ১০০ দিন হতে চলেছে। আর তারপরই রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এখানে দু'দিনের সফরে আসছেন শাহ। তবে একাধিক কর্মসূচি আছে তাঁর বলে বিজেপি সূত্রে খবর। আগামী ২০ আগস্ট কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আসবেন বলে জানা গিয়েছে। বিজেপি নেতৃত্বাধীন রাজ্য সরকারের ১০০ দিন পূর্ণ হওয়ার পরদিনই তাঁর এই সফর। যেটাকে ঘিরে রাজনৈতিক এবং প্রশাসনিক মহলে জোর চর্চা শুরু হয়েছে। আগামী ১৯ আগস্ট রাজ্য সরকারের ১০০ দিন পূর্ণ হবে। তার পরের দিনই রাজ্যে আসবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

এদিকে সরকারি কর্মসূচিতেই শাহের এই সম্ভাব্য বঙ্গ সফর বলে জানা গিয়েছে। আর বঙ্গ বিজেপির শীর্ষ নেতাদের সঙ্গেও বৈঠক করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। ইতিমধ্যেই অবিলম্বে 'ডিস্ট্রিক্ট মনিটরিং কমিটি' গঠনের নির্দেশ দেওয়া হয়েছে বঙ্গ বিজেপির নেতাদের। কেন্দ্রীয় নেতৃত্বের পক্ষ থেকে এমন নির্দেশ দেওয়া হয়েছে বলে সূত্রের খবর। সেটা নিয়েও অমিত শাহ কথা বলতে পারেন রাজ্য নেতৃত্বের সঙ্গে বলে মনে করা হচ্ছে। সদ্য রাজ্যে বিরোধী থেকে শাসকদল হয়েছে বিজেপি। তাই যদি কোনও ভুল হয় তাহলে দলের ভাবমূর্তি কালিমালিপ্ত হবে। আগামী দিনে তার ফল ভুগতে হবে। সেটা বিলক্ষণ জানেন দিল্লির নেতারা। তাই এই ব্যাপারে দায়িত্বপ্রাপ্ত নেতাদের সঙ্গে কথা বলবেন শাহ বলে জানা যাচ্ছে।

অন্যদিকে এই সফরের দু'দিন অর্থাৎ ২১ ও ২২ আগস্ট রাজ্যের শীর্ষ প্রশাসনিক কর্তাদের সঙ্গে একাধিক বৈঠক করতে পারেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। সরকারি কর্মসূচিতে যোগ দেওয়ার পাশাপাশি রাজ্যের প্রশাসনিক পরিস্থিতি এবং নানা সরকারি প্রকল্পের অগ্রগতি নিয়েও বিস্তারিত পর্যালোচনা হতে পারে শাহের বৈঠকে বলে সূত্রের খবর। গত মাসে তিনদিনের সফরে রাজ্যে এসেছিলেন অমিত শাহ। তখন উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গে পৃথক বৈঠক করেছিলেন তিনি। ওই বৈঠকগুলিতে রাজ্যের প্রশাসনিক পরিস্থিতি, সরকারি কাজ এবং নানা প্রকল্পের বাস্তবায়ন নিয়ে একাধিক নির্দেশ দিয়েছিলেন শাহ।

তাছাড়া তোলাবাজি, দুর্নীতি-সহ একাধিক দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ইতিমধ্যেই বঙ্গ বিজেপির প্রায় ১৫০ জন নেতা-কর্মীকে শোকজের নোটিস দেওয়া হয়েছে। বেশ কয়েকজনকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। সেই বিষয়টি নিয়েও রাজ্য নেতৃত্বকে সতর্ক করতে পারেন অমিত শাহ। একইসঙ্গে এবারের সফরে আগের বৈঠকে দেওয়া নির্দেশগুলি কতটা কার্যকর হয়েছে, কোথায় কোনও সমস্যা তৈরি হয়েছে এবং কেন্দ্র ও রাজ্য প্রশাসনের মধ্যে সমন্বয়ের ক্ষেত্রে কোনও জটিলতা রয়েছে কিনা সেটা খতিয়ে দেখবেন তিনি বলে মনে করা হচ্ছে।

# নেতাজিকে কুৎসা, পোস্ট ডিলিট করলেও রেহাই নয়, কঠোর বার্তা মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি**— নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে সোশ্যাল মিডিয়ায় আপত্তিকর মন্তব্যের অভিযোগে কড়া পদক্ষেপের হুঁশিয়ারি দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বুধবার বিধানসভায় তিনি স্পষ্ট জানিয়ে দেন, নেতাজিকে 'কুৎসিত' বা 'অপমানজনক' ভাষায় আক্রমণ করা কোনও ভাবেই বরদাস্ত করবে না রাজ্য সরকার। পাশাপাশি রাজ্যের প্রশাসনিক ভবন নবান্ন ঠিক একইভাবে রাজ্য এবং কলকাতা পুলিশের পদস্থ আধিকারিকদের সঙ্গে নিয়েই এই বার্তা দিলেন মুখ্যমন্ত্রী। অভিযুক্তদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার নির্দিষ্ট ধারায় ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি।

প্রসঙ্গত, নেতাজিকে নিয়ে সোশ্যাল মিডিয়ায় আপত্তিকর পোস্টের অভিযোগ নিয়ে জলপাইগুড়ি-সহ বিভিন্ন জেলার কয়েকজন বিধায়ক মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন। তাঁদের বক্তব্য শোনার পরেই পুলিশকে কড়া পদক্ষেপের নির্দেশ দেওয়ার কথা জানান মুখ্যমন্ত্রী। তাঁর বার্তা, রাজনৈতিক রং না দেখে অভিযুক্তদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

মুখ্যমন্ত্রী বলেন, 'অবিলম্বে পোস্ট ডিলিট করুন। তবে পোস্ট ডিলিট করলেও ছাড় পাবেন না।' শুধু পোস্টদাতাই নন, কে লাইক করেছেন, কে শেয়ার করেছেন, কারা কমেন্ট করেছেন— সোশ্যাল মিডিয়ার সেই 'ডিজিটাল ফুটপ্রিন্ট'ও খতিয়ে দেখার জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে বলে জানান তিনি। প্রয়োজন হলে গ্রেপ্তারও করা হবে বলে স্পষ্ট করেন মুখ্যমন্ত্রী।



পুলিশের সাইবার সেল এবং সিআইডিকে বিষয়টি খতিয়ে দেখার নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে সংশ্লিষ্ট সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিকেও ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্য সরকারের তরফে জানানো হবে। তবে শুধু সাধারণ নাগরিক নয়, মন্ত্রী, সাংসদ, বিধায়ক কিংবা পুলিশ— যেই এই ধরনের ঘটনায় যুক্ত থাকুন না কেন, সকলের বিরুদ্ধেই একই আইনে ব্যবস্থা নেওয়া হবে বলে দাবি মুখ্যমন্ত্রীর।

নেতাজির মর্যাদা রক্ষায় সরকারি উদ্যোগের কথাও এদিন তুলে ধরেন তিনি। সরকারি স্কুলে নেতাজি সুভাষচন্দ্র বসুর ছবি বাধ্যতামূলক করার জন্য বিজ্ঞপ্তি জারির প্রক্রিয়া চলছে বলে জানান মুখ্যমন্ত্রী। তথ্য সংস্কৃতি দপ্তরের মাধ্যমে সরকারি দপ্তর ও বিধায়কদের কাছেও নেতাজির ছবি পাঠানোর ব্যবস্থা করা হবে বলে জানান তিনি। মুখ্যমন্ত্রীর কথায়, নেতাজি শুধু বাংলার নন, গোটা দেশের গর্ব। তাই তাঁর প্রতি অবমাননাকর মন্তব্যের বিরুদ্ধে 'কঠোর এবং কঠিন' আইনি পদক্ষেপ নেওয়া হবে।

# আইএসআই যোগে গ্রেপ্তার দুই সন্দেহভাজন, উদ্ধার বহু নথি

**নিজস্ব প্রতিনিধি**— জঙ্গি ও গুপ্তচরচক্রের সন্দেহে ফের এক ব্যক্তিকে গ্রেপ্তার করল রাজ্য পুলিশের এসটিএফ। উত্তর ২৪ পরগনার হাবড়া থেকে রানা রউফ নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। তদন্তকারীদের দাবি, পাকিস্তানের ফয়সলাবাদের বাসিন্দা রানা দীর্ঘদিন ধরে ভারতীয় সেনা, নৌসেনা এবং রেল সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করে পাকিস্তানের গুপ্তচর সংস্থা আইএসআইয়ের কাছে পাঠাত। বুধবার তাঁকে বারাসত আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

এই ঘটনায় গ্রেপ্তার করা হয়েছে আরও এক সহযোগী মহম্মদ ইজাজকে। ধৃতের কাছ থেকে ফোর্ট উইলিয়মের ছবি এবং একটি ম্যাপ উদ্ধার করেছেন তদন্তকারীরা। কিন্তু কীভাবে কলকাতায় সেনা সদর দপ্তরের ছবি এবং ম্যাপ ধৃত পাক আইএসআই এজেন্টের কাছে গেল সেটাই ভাবাচ্ছে তদন্তকারীদের। সেনা গোয়েন্দাদের সঙ্গে এসটিএফ যোগাযোগ করছে বলে খবর।

এসটিএফ সূত্রে জানা গিয়েছে, পাকিস্তান থেকে ভারতে আসার আগে দীর্ঘ সময় নেপালে ছিল রানা। ২০১২ সালে সে ভারতে প্রবেশ করে বলে তদন্তকারীদের প্রাথমিক অনুমান। এরপর পশ্চিমবঙ্গে এসে ভুয়ো পরিচয় তৈরি করে বসবাস শুরু করে। আধার কার্ড-সহ একাধিক নথিতে 'ওয়াহাব আলম' নামে পরিচয় ব্যবহার করা হয়েছিল বলে অভিযোগ। ওই নথিতে তপসিয়ার ঠিকানা ব্যবহার করা হয়েছিল।

তদন্তকারীদের দাবি, ভারতে থাকার সময় রানা বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিকাঠামো এবং নিরাপত্তা সংক্রান্ত তথ্য সংগ্রহ করত। ভারতীয় সেনা ও নৌসেনার পাশাপাশি রেল ব্যবস্থার বিভিন্ন তথ্যও সে পাকিস্তানে পাঠাত বলে অভিযোগ। কী ধরনের তথ্য সংগ্রহ করা হয়েছিল এবং সেগুলি কোথায় ও কী ভাবে পাঠানো হত, তা জানতে ধৃতকে জেরা করা হচ্ছে।

স্বাধীনতা দিবসের আগে রানার গতিবিধি ঘিরে তদন্তকারীদের উদ্বেগ আরও বেড়েছে। ১৫ আগস্টকে কেন্দ্র করে কোনও নাশকতার পরিকল্পনা ছিল কি না, সে বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে। তবে হামিম মণ্ডল নামে আগে গ্রেপ্তার হওয়া জইশ-ই-মহম্মদ সদস্যের সঙ্গে রানার কোনও সরাসরি যোগাযোগ পাওয়া যায়নি বলে এসটিএফের দাবি।

রানাকে জেরা করে পাওয়া তথ্যের ভিত্তিতে তপসিয়া থেকেও আরও এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। কলকাতায় এলে রানা তপসিয়ায় থাকত বলে তদন্তে উঠে এসেছে। সেই সূত্রেই ওই ব্যক্তির সঙ্গে তার পরিচয় হয়েছিল বলে জানা গিয়েছে। তবে দ্বিতীয় ব্যক্তির কোনও জঙ্গি সংগঠনের সঙ্গে সরাসরি যোগাযোগ ছিল কি না, তা এখনও নিশ্চিত নয়। গোটা চক্রের পরিধি জানতে তদন্ত চালাচ্ছে এসটিএফ।

# বিচারপতির সিদ্ধান্ত পছন্দ না হলেই কটূক্তি নয়, কড়া বার্তা হাই কোর্টের

**নিজস্ব প্রতিনিধি**— বিচারপতির সিদ্ধান্ত নিয়ে মতপার্থক্য থাকতেই পারে, তবে তা কখনও ব্যক্তিগত আক্রমণ বা কটূক্তির পর্যায়ে যেতে পারে না। বিচারপতিকে উদ্দেশ করে আপত্তিকর মন্তব্যের অভিযোগে এক আইনজীবীর বিরুদ্ধে ফৌজদারি অবমাননার মামলা শুনতে গিয়ে এমনই কড়া বার্তা দিল কলকাতা হাই কোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির নেতৃত্বাধীন বেঞ্চের পর্যবেক্ষণ, সংশ্লিষ্ট মন্তব্য যে বিচারপতিকে উদ্দেশ করেই করা হয়েছিল, তা নিয়ে সন্দেহের অবকাশ নেই। আদালতের প্রশ্ন, কোনও আবেদন খারিজ হওয়ার পর একজন আইনজীবী বিচারপতিকে কটূক্তি করে চলে যাবেন, তা কী ভাবে গ্রহণযোগ্য? বিচারব্যবস্থার মর্যাদা রক্ষায় এমন মন্তব্য বরদাস্ত করা যায় না। তবে আইনজীবী সমাজের স্বার্থ ও মতপ্রকাশের স্বাধীনতার বিষয়টিও মাথায় রাখা হচ্ছে বলে জানিয়েছে আদালত।

# মমতার চালু করা ওবিসি শংসাপত্র বাতিলের নির্দেশ হাই কোর্টের

## একাদশ-দ্বাদশের কাউন্সেলিংয়ে অনিশ্চয়তা

**নিজস্ব প্রতিনিধি**— মমতা বন্দ্যোপাধ্যায়ের আমলে চালু হওয়া ওবিসি-এ এবং ওবিসি-বি শংসাপত্র বাতিল করে দিল কলকাতা হাই কোর্ট। বিচারপতি রাজাশেখর মান্থা এবং বিচারপতি অনুজ সিংহের বেঞ্চের নির্দেশের ফলে ওই কাঠামোর ভিত্তিতে পাওয়া শংসাপত্র নিয়ে সংরক্ষণের সুবিধা পাওয়ার ক্ষেত্রে বড় প্রশ্নচিহ্ন তৈরি হয়েছে। একই সঙ্গে ওবিসি সংরক্ষণ নিয়ে তৈরি পরিস্থিতির প্রভাব সরাসরি পড়েছে একাদশ-দ্বাদশের শিক্ষক নিয়োগেও। ১৪ আগস্ট থেকে কাউন্সেলিং শুরু হওয়ার কথা থাকলেও মঙ্গলবার সেই প্রক্রিয়া স্থগিত করে দেয় স্কুল সার্ভিস কমিশন। বুধবারের রায়ে এ বিষয়ে অনিশ্চয়তা আরও বাড়ল।

কলকাতা হাই কোর্টের ডিভিশন বেঞ্চের নির্দেশের ফলে যাঁরা পূর্ববর্তী নির্দেশের পর নতুন করে ওবিসি শংসাপত্র সংগ্রহ করেছিলেন, তাঁদের সামনে নতুন করে অনিশ্চয়তা তৈরি হয়েছে। ওই শংসাপত্রের ভিত্তিতে সংরক্ষণের সুবিধা নেওয়া যাবে কি না, সেটিই এখন বড় প্রশ্নের মুখে। সংশ্লিষ্টদের সাধারণ শ্রেণির প্রার্থী হিসেবে বিবেচনা করার পরিস্থিতি তৈরি হয়েছে বলে জানা যাচ্ছে। ফলে চাকরি, শিক্ষা এবং অন্যান্য ক্ষেত্রে সংরক্ষণের সুবিধার উপর নির্ভরশীল বহু মানুষের ভবিষ্যৎ নিয়ে তীব্র উদ্বেগ তৈরি হয়েছে।

প্রসঙ্গত, পশ্চিমবঙ্গে ওবিসি সংরক্ষণকে ওবিসি-এ এবং ওবিসি-বি— এই দুই ভাগে ভাগ করার ব্যবস্থা চালু হয়েছিল ২০১০ সালের পর। পরবর্তী সময়ে এই তালিকায় একাধিক সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করা নিয়ে বিতর্ক ও মামলা শুরু হয়। ২০২৪ সালে ওবিসি সংক্রান্ত মামলায় কলকাতা হাই কোর্ট ৬৬টি সম্প্রদায়কে নতুন তালিকা থেকে বাদ দেওয়ার নির্দেশ দেয়। পাশাপাশি নতুন করে সমীক্ষার মাধ্যমে ওবিসি তালিকা তৈরির কথাও বলা হয়। তৎকালীন রাজ্য সরকার সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যায়। তবে হাই কোর্টের নির্দেশের উপর স্থগিতাদেশ না আসায় বিষয়টি আরও জটিল হয়ে ওঠে।

এর পর নতুন করে সমীক্ষা চালিয়ে ওবিসি তালিকায় পরিবর্তন আনা হয়েছিল। ওবিসি-এ এবং ওবিসি-বি তালিকাতেও বদল করা হয়। কিন্তু সেই সমীক্ষার পদ্ধতি নিয়েও প্রশ্ন ওঠে। সীমিত সংখ্যক নমুনার ভিত্তিতে সমীক্ষা চালিয়ে ১৪২টি জনগোষ্ঠীকে তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছিল বলে অভিযোগ ওঠে। এই নিয়ে ফের আইনি লড়াই শুরু হয়। ফলে একদিকে নতুন শংসাপত্র দেওয়া চলছিল, অন্যদিকে আদালতে সেই ব্যবস্থার বৈধতা নিয়ে প্রশ্ন উঠছিল।

রাজ্যে সরকার পরিবর্তনের পর বিজেপি সরকার ওবিসি-এ এবং ওবিসি-বি বিভাজন তুলে দিয়ে ওবিসির জন্য এক শ্রেণির সংরক্ষণ কাঠামোর পথে এগোয়। তৎকালীন রাজ্য সরকারের দায়ের করা সংশ্লিষ্ট মামলাও প্রত্যাহার করা হয়। নতুন ব্যবস্থায় ওবিসি সংরক্ষণের হার ১৭ শতাংশ থেকে কমিয়ে ৭ শতাংশ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সরকারি নথিতেও ৬৬টি অক্ষত ওবিসি শ্রেণির জন্য ৭ শতাংশ সংরক্ষণের কথা উল্লেখ করা হয়েছে।

এই পরিবর্তিত পরিস্থিতির সরাসরি প্রভাব এবার পড়ল শিক্ষক নিয়োগে। একাদশ-দ্বাদশের শিক্ষক নিয়োগে তালিকাভুক্ত প্রার্থীদের কাউন্সেলিং ১৪ আগস্ট থেকে শুরু হওয়ার কথা ছিল। এর আগে ৪ আগস্ট প্রকাশিত বিজ্ঞপ্তিতে সেই সময়সূচি জানানো হয়েছিল। প্রার্থীরাও সেই অনুযায়ী প্রস্তুতি নিচ্ছিলেন। কিন্তু ওবিসি সংরক্ষণ নিয়ে নতুন নির্দেশ এবং আইনি প্রশ্নের কারণে কমিশন শেষ পর্যন্ত কাউন্সেলিং স্থগিত করে দেয়।

এর আগে কমিশনের চেয়ারম্যান দুষ্মন্ত নারিয়ালা জানিয়েছিলেন, ৭ আগস্ট স্কুল শিক্ষা দপ্তরের তরফে ওবিসি সংরক্ষণ সংক্রান্ত রোস্টার নিয়ে নতুন নির্দেশ পাওয়ার পর বিষয়টি আইনি ভাবে খতিয়ে দেখা হচ্ছে। কমিশনের আইনজীবীদের সঙ্গে আলোচনা চলছে বলেও তিনি জানিয়েছিলেন। কমিশনের আশঙ্কা, তাড়াহুড়ো করে নিয়োগের পরবর্তী ধাপ এগিয়ে নিয়ে গেলে ভবিষ্যতে ফের মামলা তৈরি হতে পারে। তাই আইনি অবস্থান স্পষ্ট না হওয়া পর্যন্ত অপেক্ষার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই সিদ্ধান্তে সবচেয়ে বেশি সমস্যায় পড়েছেন সেই সব প্রার্থী, যাঁরা ইতিমধ্যেই তালিকাভুক্ত হয়েছেন এবং অনেকে সুপারিশপত্রও পেয়েছেন। তাঁদের মধ্যে ওবিসি শ্রেণিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে কোন সংরক্ষণ কাঠামো কার্যকর হবে, তা নিয়ে প্রশ্ন রয়েছে। ৭ শতাংশ না ১৭ শতাংশ—কোন হারে সংরক্ষণ বিবেচনা করা হবে, তা নিয়েও অনিশ্চয়তা রয়েছে।

তবে আদালতের নির্দেশের মানবিক প্রভাবও গুরুত্বপূর্ণ। শংসাপত্রের বৈধতা নিয়ে নতুন প্রশ্ন ওঠায় তাঁদের ভবিষ্যৎ পরিকল্পনাতেও গভীর অনিশ্চয়তা তৈরি হয়েছে।

# বন্যায় আসামের পাশে বাংলা, ১০ কোটি টাকা সাহায্যের ঘোষণা

**নিজস্ব প্রতিনিধি**— আসামের ভয়াবহ বন্যায় বিপর্যস্ত মানুষের পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার। বিধানসভায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন, আসামের বন্যা পরিস্থিতি মোকাবিলায় রাজ্য সরকারের পক্ষ থেকে ১০ কোটি টাকা আর্থিক সাহায্য দেওয়া হবে। তাঁর বক্তব্য, বন্যায় ইতিমধ্যেই শতাধিক মানুষের মৃত্যু হয়েছে। বিস্তীর্ণ এলাকা জলের তলায় চলে যাওয়ায় সাধারণ মানুষের জীবনযাত্রা বিপর্যস্ত। আসামে বিপুল সংখ্যক বাংলা ভাষাভাষী মানুষ বসবাস করেন। তাই প্রতিবেশী রাজ্যের এই কঠিন সময়ে মানবিকতার জায়গা থেকে তাঁদের পাশে দাঁড়ানো প্রয়োজন বলে জানান মুখ্যমন্ত্রী।

বন্যার্তদের দ্রুত সহায়তা এবং পরিস্থিতি মোকাবিলায় এই অর্থ কী ভাবে ব্যবহার করা হবে, তা প্রশাসনিক স্তরে নির্ধারণ করা হবে বলে জানা গিয়েছে। প্রাকৃতিক দুর্যোগের সময়ে দুই প্রতিবেশী রাজ্যের মানুষের মধ্যে সহযোগিতার বার্তাও এ দিনের ঘোষণায় উঠে এসেছে।

# কর্মী সংকট কাটার আশায় কলকাতা পুলিশ

**ভজন গঙ্গোপাধ্যায়**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে নিয়োগ প্রক্রিয়া শুরু হওয়ার আবহে এবার পুলিশেও নতুন নিয়োগের ঘোষণা ঘিরে আশার আলো দেখছেন কলকাতা পুলিশের আধিকারিক ও কর্মীরা। পশ্চিমবঙ্গ পুলিশ নিয়োগ পর্ষদ জানিয়েছে, দুর্গাপুজোর আগেই রাজ্য পুলিশে প্রায় ১২ হাজার কর্মী নিয়োগের উদ্যোগ নেওয়া হচ্ছে। দীর্ঘদিনের কর্মী সংকটে থাকা পুলিশ ব্যবস্থার জন্য এই ঘোষণা গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

রাজ্য পুলিশের তুলনায় কলকাতা পুলিশের পরিস্থিতি এখনও বেশি উদ্বেগজনক। শহরের বিভিন্ন থানা ও বিভাগে প্রয়োজনের তুলনায় কর্মীর সংখ্যা কম। ডিভিশন ও থানার কাজের পরিধি বাড়লেও সেই অনুপাতে নিয়োগ হয়নি। তার উপর প্রতি মাসেই একাংশ কর্মী অবসর নেওয়ায় শূন্যপদের সংখ্যা ক্রমশ বাড়ছে। ফলে থানার দৈনন্দিন কাজ থেকে তদন্ত, আইনশৃঙ্খলা রক্ষা এবং বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব সামলাতে নীচুতলার কর্মীদের উপর চাপ বাড়ছে।

লালবাজারের এক আধিকারিকের বক্তব্য, শুধু নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করলেই সমস্যার সমাধান হবে না। নিয়োগ প্রক্রিয়া শেষ করে নতুন কর্মীদের প্রশিক্ষণ দিতে সময় লাগে। অতীতে একাধিক আইনি জটিলতার কারণে নিয়োগ আটকে যাওয়ায় পরিস্থিতি আরও কঠিন হয়েছে বলে অভিযোগ। নতুন কর্মীদের কাজের সঙ্গে সম্পূর্ণভাবে মানিয়ে নিতেও কয়েক বছর সময় লাগে।

কলকাতা পুলিশের এক আধিকারিকের দাবি, প্রয়োজনীয় লোকবলের তুলনায় বর্তমানে বাহিনীর কর্মীসংখ্যা অনেক কম। শহরের প্রায় ৮০টি থানাতেও তার প্রভাব পড়ছে। বিশেষ করে প্রযুক্তিনির্ভর পুলিশি ব্যবস্থার সঙ্গে তাল মেলাতে কর্মীদের আরও প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে। পর্যাপ্ত প্রশিক্ষণ ও পরিকাঠামোর অভাব থাকলে কাজের গতি ব্যাহত হওয়ার পাশাপাশি সাধারণ মানুষের পরিষেবা পাওয়ার ক্ষেত্রেও সমস্যা তৈরি হতে পারে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও এর আগে রাজ্যে পুলিশকর্মীর ঘাটতির কথা জানিয়েছিলেন। ২৮ জুলাই ভবানী ভবনে একটি হেল্পলাইন উদ্বোধনের অনুষ্ঠানে তিনি ধাপে ধাপে রাজ্যে এক লক্ষ পুলিশকর্মী নিয়োগের কথা জানান। তাঁর দাবি, প্রায় ৪৭ হাজার শূন্যপদ রয়েছে এবং ১৪ হাজার কনস্টেবল প্রশিক্ষণ নিয়ে কাজে যোগ দেওয়ার অপেক্ষায় রয়েছেন। দুর্গাপুজোর আগেই তাঁদের কাজে লাগানোর পরিকল্পনার কথাও জানিয়েছিলেন তিনি।

এই পরিস্থিতিতে রাজ্য পুলিশের নতুন নিয়োগের ঘোষণা কলকাতা পুলিশের কাছেও কিছুটা স্বস্তির বার্তা হয়ে উঠেছে। তবে শহরের থানাগুলিতে প্রয়োজনীয় কর্মী পৌঁছতে আরও কত সময় লাগে, এখন সেটাই বড় প্রশ্ন।





সেনকো গোল্ড লিমিটেড

রেজিস্টার্ড এবং কর্পোরেট অফিস ঃ "ডায়মন্ড প্রেস্টিজ", একাদশ তল, ৪১এ, এ জে সি বোস রোড, কলকাতা-৭০০০১৭

CIN: L36911WB1994PLC064637

E-mail: ir@sencogold.co.in / Website: www.sencogoldanddiamonds.com / www.sencogold.com / (T): +91 33 4021 5000

৩০শে জুন ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সারাংশ

(মিলিয়ন টাকায়, অন্য কিছু উল্লেখ করা না থাকলে)

| ক্রঃ নং | বিবরণ | একক | | | | পুঞ্জীভূত | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সমাপ্ত তিন মাস | | | সমাপ্ত বছর | সমাপ্ত তিন মাস | | | সমাপ্ত বছর |
| | | ৩০ জুন ২০২৬ | ৩১ মার্চ ২০২৬ | ৩০ জুন ২০২৫ | ৩১ মার্চ ২০২৬ | ৩০ জুন ২০২৬ | ৩১ মার্চ ২০২৬ | ৩০ জুন ২০২৫ | ৩১ মার্চ ২০২৬ |
| | | (অনিরীক্ষিত) | (দ্রষ্টব্য ৪ দেখুন) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (দ্রষ্টব্য ৪ দেখুন) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) |
| ১ | কারবার থেকে মোট আয় (অন্যান্য আয় সমেত) | ৩০,২১৯.৪৩ | ১৯,৭৫৮.১৩ | ১৮,৪২১.৯৪ | ৮৪,৫১০.৬৮ | ৩০,৭১২.৮৪ | ২০,১০০.১৯ | ১৮,৪৪৯.২১ | ৮৫,০৯৯.১৩ |
| ২ | মেয়াদের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর এবং ব্যতিক্রমী দফার পূর্বে) | ১,৫৩০.১০ | ২,০৮৯.৭১ | ১,৪০০.৬৯ | ৭,৬৯৯.২১ | ১,৩৮৯.৪০ | ২,০৮৪.৬৫ | ১,৪০৫.৮৩ | ৭,৬২৭.৩৭ |
| ৩ | করের পরে মেয়াদের জন্য নিট লাভ/(ক্ষতি) | ১,১৪২.৪৯ | ১,৫৭৮.৩৪ | ১,০৩৫.২২ | ৫,৮০৯.৭৯ | ১,০১১.৪৩ | ১,৫৬৮.৭৯ | ১,০৪৬.৫৩ | ৫,৭৪৩.১৯ |
| ৪. | মেয়াদের জন্য মোট সামগ্রিক আয় (করের পরে) | ১,১৪৫.১২ | ১,৫৮০.১০ | ১,০৩৬.০৯ | ৫,৮১৭.৮৮ | ১,০০৮.৭২ | ১,৫৩৯.৬২ | ১,০৪৬.৯৫ | ৫,৬৯৯.৭৪ |
| ৫ | প্রদত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু প্রতিটি ৫ টাকা) | ৮১৯.১৯ | ৮১৯.০৩ | ৮১৮.৪০ | ৮১৯.০৩ | ৮১৯.১৯ | ৮১৯.০৩ | ৮১৮.৪০ | ৮১৯.০৩ |
| ৬ | অন্যান্য ইক্যুইটি | | | | ২৪,৫৭১.৮৯ | | | | ২৪,৩১৭.৮১ |
| ৭ | ইক্যুইটি শেয়ারপ্রতি আয় (ইপিএস) (ফেস ভ্যালু প্রতিটি ৫ টাকা) (টাকায়) (*বার্ষিকীকৃত নয়) | | | | | | | | |
| | প্রাথমিক | ৬.৯৭* | ৯.৬২* | ৬.৩২* | ৩৫.৪৯* | ৬.১৭* | ৯.৫৮* | ৬.৩৯* | ৩৫.০৮* |
| | মিশ্রিত | ৬.৯৭* | ৯.৬১* | ৬.৩১* | ৩৫.৪৬* | ৬.১৭* | ৯.৫৮* | ৬.৩৮* | ৩৫.০৬* |

দ্রষ্টব্য ঃ

১ সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিক্যোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা একক এবং পুঞ্জীভূত আর্থিক ফলাফলের ("ফলাফল") বিশদ বয়ানের সারাংশ হল উপরোক্ত ফলাফল। আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইট (ইউআরএল ঃ www.nseindia.com), বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট (ইউআরএল ঃ www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইটে পাওয়া যাবে।

২ ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য সেনকো গোল্ড লিমিটেড ('হোল্ডিং কোম্পানি' বা 'পেরেন্ট') এবং তার তিনটি সম্পূর্ণ মালিকানাধীন সাবসিডিয়ারিসমূহের (হোল্ডিং কোম্পানি এবং তার সাবসিডিয়ারিসমূহ একত্রে 'দ্য গ্রুপ' হিসেবে উল্লিখিত)-এর অনিরীক্ষিত পুঞ্জীভূত আর্থিক ফলাফল অডিট কমিটি দ্বারা পর্যালোচিত হয়েছে এবং ১১ আগস্ট ২০২৬ তারিখে তাঁদের সংশ্লিষ্ট অনুষ্ঠিত সভায় বোর্ড অফ ডিরেক্টরস দ্বারা অনুমোদিত হয়েছে এবং হোল্ডিং কোম্পানির বিধিবদ্ধ অডিটরগণ দ্বারা উক্ত ফলাফলের সীমিত পর্যালোচনা করা হয়েছে।

৩ সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিক্যোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (সংশোধিতমতো)-এর রেগুলেশন ৩৩-এর উপস্থাপনা এবং প্রকাশের প্রয়োজনীয়তা অনুসারে এবং কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১৩৩-এ নির্দেশিত ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড ৩৪, ইন্টেরিম ফিনান্সিয়াল রিপোর্টিং ('ইন্ড এএস ৩৪') এবং ভারতে সাধারণভাবে গৃহীত অন্যান্য অ্যাকাউন্টিং নীতি অনুযায়ী প্রদত্ত স্বীকৃতি এবং পরিমাপযোগ্য নীতি অনুসারে অনিরীক্ষিত পুঞ্জীভূত আর্থিক ফলাফল তৈরি করা হয়েছে।

৪ ৩১ মার্চ ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অঙ্কগুলি উপস্থাপন করছে, সম্পূর্ণ আর্থিক বছরের নিরীক্ষিত অঙ্কসমূহ এবং আর্থিক বছরের তৃতীয় ত্রৈমাসিক পর্যন্ত প্রকাশিত অনিরীক্ষিত ইয়ার-টু-ডেট অঙ্কসমূহের মধ্যে সামঞ্জস্যবিধানকারী সংখ্যা।

৫ ইন্ড এএস ১০৮, 'অপারেটিং সেগমেন্টস'-এ বর্ণিতমতো ম্যানেজমেন্ট অ্যাপ্রোচ অনুযায়ী চিফ অপারেটিং ডিসিশন মেকার (সিওডিএম) একটি একক ব্যবসায়িক অপারেটিং সেগমেন্ট হিসেবে 'জুয়েলারি ব্যবসা'কে চিহ্নিত করেছেন। সেইমতো, উপরিল্লিখিত মানদণ্ড অনুযায়ী অন্য কোনও বিষয় প্রকাশ করার প্রয়োজনীয়তা হবে না।

৬ হোল্ডিং কোম্পানি, "সেনকো গোল্ড লিমিটেড এমপ্লয়িজ স্টক অপশন স্কিম-২০১৮", যেটি সময়ে সময়ে সংশোধিতমতো, অনুসারে, তার যোগ্য কর্মীদের, ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকে প্রতিটি ৫.০০ টাকার ৩১,৯৭৭ সংখ্যক ইক্যুইটি শেয়ার (৩১ মার্চ ২০২৬ তারিখে যথাক্রমে ত্রৈমাসিকের এবং বছরের মেয়াদে প্রতিটি ৫.০০ টাকার ৮৮,৩৪০ এবং ১২৫,৬৪০ সংখ্যক ইক্যুইটি শেয়ার) অ্যালট করেছেন।

৭ চলতি মেয়াদের শ্রেণীবদ্ধকরণ অনুসারে করতে, পূর্ববর্তী মেয়াদের/বছরের অঙ্কগুলির যেখানে যেমন প্রয়োজন হয়েছে পুনর্বিন্যাস/পুনঃশ্রেণীভুক্ত করা হয়েছে, অবশ্য, এরূপ পুনঃশ্রেণীভুক্তকরণ/পুনর্বিন্যাসের প্রভাব এই সকল আর্থিক ফলাফল নিরূপণে প্রাসঙ্গিক নয়।

বোর্ড অফ ডিরেক্টরস-এর জন্য ও তরফে
সেনকো গোল্ড লিমিটেড
স্বাঃ
শুভঙ্কর সেন
ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও
DIN:01178803

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১১ই আগস্ট ২০২৬

TRA'S BRAND TRUST REPORT 2025 Power of Trust | Great Place To Work. Certified FEB 2026-FEB 2027 INDIA | TRA's MOST DESIRED BRANDS 2024 Power of Desire | Like & Follow us at

Franchisee Enquiry: 9874453366
Corporate Order Enquiry:
corporatesales@sencogold.co.in

207 STORES

Scan here to visit your nearest Senco Showroom!